ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ [illegible] JUL 1986

পৃষ্ঠা 1 কলাম 5

060



গতকাল শুক্রবার বায়তুল মোকাররম থেকে প্রাথমিক শিক্ষকদের একটি মিছিল বের হয়। ---সংবাদ

# প্রাথমিক শিক্ষার দায়িত্ব শিক্ষা মন্ত্রণালয়কে হস্তান্তরের দাবী

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি (আজাদ) প্রাথমিক শিক্ষার দায়িত্বভার উপজেলা প্রশাসন থেকে শিক্ষা মন্ত্রণালয়ে হস্তান্তরের দাবী জানিয়েছে।

গতকাল সমিতির এ দাবী সম্বলিত একটি স্মারকলিপি বঙ্গভবনে রাষ্ট্রপতি সমীপে পেশ করা হয়েছে। বায়তুল মোকররম প্রাঙ্গণে প্রাথমিক শিক্ষকরা সমবেত হয়ে মিছিল করে বঙ্গভবনের সামনে যান। স্মারকলিপি পেশের পর সেখানে অনুষ্ঠিত এক সমাবেশে সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ অভিযোগ করেন, উপজেলা পরিষদের দুর্নীতির ফলে প্রাথমিক শিক্ষামানের দারুণ অবনতি ঘটেছে। এর আগে বায়তুল মোকাররমের জমায়েতে গোলযোগের সৃষ্টি হয়। প্রাথমিক শিক্ষকদের অপর একটি সমিতির পক্ষ থেকে সে সময় প্রচারপত্র বিতরণ করা হলে গোলযোগের সৃষ্টি হয়। পুলিশ

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষার দায়িত্ব

(১ম পাতার পর)

এতে হস্তক্ষেপ করে।

সমিতি সূত্রে বলা হয়েছে, গতকাল দেশব্যাপী প্রাথমিক শিক্ষকদের সমাবেশ অনুষ্ঠিত হয়।

### চট্টগ্রাম

চট্টগ্রাম থেকে নিজস্ব বার্তা পরিবেশক জানান, গতকাল সকালে কেন্দ্রীয় শহীদ মিনারের পাদদেশে প্রাথমিক শিক্ষক সমিতির এক সমাবেশ অনুষ্ঠিত হয়। জনাব রফিক আহমদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে বক্তব্য রাখেন জনাব আবদুর রহমান, মওলানা সাবের আহমদ, জনাব আবুবকর মানু, জনাব নুরুল আবসার, জনাব বজলুর রহমান প্রমুখ।

সমাবেশশেষে শিক্ষকগণ মিছিল সহকারে নগরীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ এবং জেলা প্রশাসকের বাসভবনে গিয়ে একটি স্মারকলিপি পেশ করেন।

শিক্ষক সমিতির এক মুখপাত্র দাবী করেন যে, এই সমাবেশে ১০ হাজারেরও বেশী প্রাথমিক শিক্ষক উপস্থিত ছিলেন।